

৭ চিলেক

সিলেটে ১৪টি কলেজে বিজ্ঞান বিভাগ বন্ধ হচ্ছে

প্রতিনিধি, সিলেট

সিলেট শিক্ষা বোর্ড ১৪টি কলেজের বিজ্ঞান বিভাগের স্বীকৃতি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়ে যাচ্ছে। শিগগিরই বোর্ড থেকে কলেজগুলোতে বিজ্ঞান বিভাগ প্রত্যাহারের নোটিশ পাঠানো হতে পারে। বোর্ডের কলেজ পরিদর্শন শাখা থেকে কলেজগুলোতে প্রয়োজনীয় সংখ্যক ছাত্রছাত্রী ভর্তির কার্যভার কারণে কেন বিজ্ঞান বিভাগের স্বীকৃতি প্রত্যাহার করা হবে না, তার লিখিত জবাব ৫ দিনের মধ্যে জানানোর নির্দেশ দিয়ে পুরো পরিচালনা কর্মকর্তার মুখে পড়ে। প্রশ্ন দেখা দেয় কলেজ স্থাপনের প্রয়োজনীয়তা নিয়ে।

বিশুভ সূত্রে জানা যায়, শিক্ষা মহানগর ২০০৩ সালের এক স্মারকে দেশের প্রতিটি কলেজের বিজ্ঞান বিভাগে ন্যূনতম ৫০ জন

ছাত্রছাত্রী থাকার কথা বলা হয়। এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড নিম্নলিখিত, নাব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিজ্ঞান বিভাগে ন্যূনতম ২০ জন ছাত্রছাত্রী থাকার বাধ্যবাধকতা বেঁধে দেয়। এ অবস্থায় সিলেট শিক্ষা বোর্ড ৩ দিনের ১৪টি কলেজের স্বীকৃতি প্রত্যাহারের নোটিশ দেয়। কলেজগুলো ২০০৪-০৫ ও ২০০৫-০৬ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগে ন্যূনতম ১০ জন ছাত্রছাত্রী ভর্তি করতে বাধ্য হয়। নোটিশ পাওয়ার পর কলেজগুলো বোর্ডে লিখিত জবাব দেয়। যেসব কলেজের বিজ্ঞান বিভাগের স্বীকৃতি প্রত্যাহার করা হতে পারে সেগুলোর মধ্যে সিলেটের ৬টি, সুনামগঞ্জের ৪টি, মৌলভীবাজারের ২টি এবং সবুজপুরের ২টি কলেজ রয়েছে। সিলেটের ৬টি কলেজ হলো- বালাগঞ্জ ডিগ্রি কলেজ, গোলাপগঞ্জ উপজেলার ঢাকা নতুন সুরমা বালিকা উচ্চ

বিদ্যালয় ও কলেজ, জৈন্তাপুর ডায়াম আলী কলেজ, চিকনাওলের চক্রবর্তী শাহজালাল (র.) কলেজ, সদর উপজেলার টিকেরবাজারের পাচ খুইরন কলেজ, কোম্পানীগঞ্জের পড়িয়া আনোয়ারা উচ্চ বিদ্যালয় ও কলেজ। সুনামগঞ্জের ৪টি কলেজ হলো- সদর উপজেলার জনতা মহাবিদ্যালয়, তারিপুর উপজেলার জয়নাল আওতাধীন মহাবিদ্যালয়, মধানগর উপজেলার বাদশাগঞ্জ ডিগ্রি কলেজ ও ধর্মপাশা ডিগ্রি কলেজ। মৌলভীবাজারের ২টি কলেজ হলো- কুলাউড়া উপজেলার ইউসুফ গনি আদর্শ কলেজ ও রাজেনগর উপজেলার মাওলানা মুফাজ্জল হোসেন মডেল কলেজ। সবুজপুর উপজেলার ২টি কলেজ হলো- মাধবপুর উপজেলার সৈয়দ সঈদ উদ্দিন ডিগ্রি কলেজ ও ল্যাখাই উপজেলার মুন্সিয়োদ্ধা ডিগ্রি কলেজ।

